উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২২- ২৪০

তারিখ ঃ ০৭/১১/২০২২ খ্রিঃ

**সভার নোটিশ**

আগামী ১৭ ই নভেম্বর ২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মজিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্য সূচী ঃ**

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

১। উপজেলা ..........................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. অফিস কপি।

উপজেলা পরিষদ কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

<u>ত্রিশাল উপজেলা পরিষদ এর নভেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।</u>

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৭/১১/২০২২ খ্রি.
সময় : বেলা ১২:০০ ঘটিকা।

<u>উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"</u>

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আক্তারুজ্জামান সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১৩/১০/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নোবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | <u>এল.জি.ই.ডি :</u><br>উপজেলা প্রকৌশলী অত্র মাসিক সাধারণ সভার সম্মানিত সভাপতিসহ সকল সদস্যকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে অবহিত করেন যে, এলজিইডি বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। এছাড়াও তিনি সকলকে অবহিত করেন যে, ইউজিডিপি প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দ থেকে অনুমোদিত তিনটি উপ-প্রকল্প এর অর্ন্তভুক্ত ০১ টি উপ-প্রকল্প (পাওয়ার টিলার সরবরাহ) কাজটি ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়ন না করায় উক্ত কাজ বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ঠিকাদার কতৃক দাখিলকৃত ৫% জামানত বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয় । সাথে উক্ত কাজের প্রতিস্থাপন হিসেবে নতুন উপ-প্রকল্পের প্রস্তাবনা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>চেয়ারম্যান, বালিপাড়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ধলা টু কানিহারী রাস্তায় মোবার মোড় সংলগ্ন কালভার্টটির কাজ দীর্ঘদিন যাবৎ বন্ধ রয়েছে। যার দরুন্দ সাধারন জনগনের যাতায়াতের চরম অসুবিধা হচ্ছে। এমতাবস্থায় কালভার্টটির কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য তিনি সভাপতি মহোদয়ের নিকট প্রস্তাব করেন।<br><br>চেয়ারম্যান, মঠবাড়ী ইউনিয়ন পরিষদ তাঁর ইউনিয়নের বেহাইল ব্রীজটি সংস্কার করার জন্য সভাপতি মহোদয়ের নিকট প্রস্তাব করেন।<br><br>সভাপতি মহোদয় ধলা টু কানিহারী রাস্তায় মোবার মোড় সংলগ্ন কালভার্টটি ও মঠবাড়ী ইউনিয়নের বেহাইল ব্রীজটি সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী মহোদয়কে অনুরোধ জানান। | আলোচনান্তে পাওয়ার টিলার সরবরাহ বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ১২ টি ইউনিয়নের মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে স্মার্ট টিভি সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>প্রস্তাবমতে ধলা টু কানিহারী রাস্তায় মোবার মোড় সংলগ্ন কালভার্টটি ও মঠবাড়ী ইউনিয়নের বেহাইল ব্রীজটি সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>ইউ ডি এফ<br>ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :</u><br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সার্বক্ষনিক ২৪ ঘন্টা জরুরী বিভাগ চালু রয়েছে। এছাড়াও বহিঃ বিভাগে প্রতিদিন সকাল ০৮ টা থেকে ২.৩০ পর্যন্ত রোগীর সেবা চলমান রয়েছে এবং অন্তঃ বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। করোনা টিকার কার্যক্রম ও অন্যান্য কার্যক্রম চালু রয়েছে।<br><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী কল্যান সমিতি নামে তাদের একটি কক্ষ রয়েছে, যেখানে তারা প্রতি বছর ০১ (এক) লক্ষ টাকা বরাদ্দ দিয়ে থাকেন। প্রেসক্রিপশনের যেই ঔষধগুলো রোগীদের কিনে খেতে হয় সেই ঔষধগুলো তারা ঐ টাকা থেকে কিনে দেন। কিন্তু দুঃখের বিষয় এখন পর্যন্ত কোন রোগীকে হাসপাতাল কর্তৃপক্ষ এই সেবা দিতে পারেনি। এ বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>সভাপতি মহোদয় এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মহোদয়কে অনুরোধ জানান।<br><br>উপজেলা নির্বাহী অফিসার রোগীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য কমিউনিটি ক্লিনিকগুলো নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মহোদয়কে অনুরোধ জানান। | উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>রোগী কল্যান সমিতি কার্যকর করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>কমিউনিটি ক্লিনিকগুলো নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | <u>উপজেলা কৃষি বিভাগ :</u><br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, আজ ১৭/১১/২০২২ ইং তারিখে মাসিক সমন্বয় সভায় বাড়িপাড়া ইউনিয়ন পরিষদের উপ-সহকারী কৃষি কর্মকর্তার কোয়ার্টার ভাঙ্গার বিষয়টি উপস্থাপন করা হয়। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর ভাষ্য মতে ভবনটি নিতান্তই জরাজীর্ন ছিল এবং সেখানে মাদকসেবীদের আখড়া ছিল। তিনি বাধ্য হয়ে ভবনটি ভাঙতে উদ্যোগী হন। এই খবর পাওয়ার সাথে সাথে উপজেলা কৃষি অফিসার ভবনটি সরেজমিনে পরিদর্শন করেন এবং ভবনটি ভাঙ্গা বন্ধ করার জন্য নির্দেশনা প্রদান করেন। এরপর উপজেলা কৃষি অফিসার বিভাগীয় উর্ধতন কর্তৃপক্ষসহ উপজেলা নির্বাহী কর্মকর্তা, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা সহ সংশ্লিষ্ট সবাইকে অবগত করেন। তার প্রেক্ষিতে উপপরিচালক কৃষি সম্প্রসারন অধিদপ্তর মহোদয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা কৃষি অফিসারকে নির্দেশনা প্রদান করেন এবং উপজেলা কৃষি অফিসার ১৭/১১/২০২২ ইং তারিখে এটি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করেন। সেই প্রেক্ষিতে উঠে আসে জমিটি বি আর এস রেকর্ডমূলে খাস জমি হিসেবে উঠেছে। কিন্তু এর আগেই সহকারী কমিশনার (ভূমি) মহোদয়ের সহযোগিতায় উপজেলা কৃষি অফিস জমিটির দাগ খতিয়ান নং এর পরিপ্রেক্ষিতে জমিটি জরিপ করেন। এখন দেখা যায় সি আর এস এ কৃষি সম্প্রসারন অধিদপ্তরের নাম ছিল এবং বিআরএস এ এসে জমিটি খাস জমি হিসেবে রেকর্ডভুক্ত হয়েছে। উপজেলা পরিষদের মাসিক সমন্বয় মিটিং এ উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয় এই জমিটি যাতে বিআরএস রেকর্ডে আগে সঠিকভাবে নথিভুক্ত হয়।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৪ | <u>উপজেলা মৎস্য বিভাগ :</u><br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আমরা অনেকে মাছ চাষে এন্টিবায়োটিক ব্যবহার করে থাকি। যা জনস্বাস্থ্যের জন্য হুমকিস্বরূপ। এটি ব্যবহার থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়া আমাদের অনেকে ফেইসবুকে অনুমোদিত মাছের নাম দিয়ে পোষ্ট দিয়ে | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | থাকি যা আইনত দন্ডনীয় অপরাধ। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অভিযান পরিচালনার জন্য অনুরোধ জানান। | | |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, খামারীরা ডাক্তারের প্রেসক্রিপশন ছাড়া নিজেদের মত করে প্রাণির উপর এন্টিবায়োটিক ব্যবহার করে যা মানব শরীরের জন্য খুবই ক্ষতিকর। তাই এন্টিবায়োটিকের অপব্যবহার রোধের জন্য জনসচেতনতা তৈরির বিষয়ে এবং ফিডমিলগুলোকে রেজিস্ট্রেশনের আওতায় আনার জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া তিনি আরোও জানান যে, আগামী ১৮ই নভেম্বর থেকে ২৪শে নভেম্বর Antimicrobial awareness week পালিত হবে। তিনি সকলের সহযোগীতা কামনা করেন।<br><br>এন্টিবায়োটিকের অপব্যবহার রোধে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে ডাক্তারের প্রেসক্রিপশন ছাড়া এন্টিবায়োটিক ব্যবহার না করার এবং ফিডমিলগুলোকে রেজিস্ট্রেশনের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়। | আলোচনান্তে ডাক্তারের প্রেসক্রিপশন ছাড়া এন্টিবায়োটিক ব্যবহার না করার এবং ফিডমিলগুলোকে রেজিস্ট্রেশনের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, জাতীয় সমাজকল্যান পরিষদ হতে স্বেচ্ছাসেবী ক্লাব, সংগঠন ও সংস্থাসমূহকে প্রতিবছর আর্থিক অনুদান দেওয়া হয়। তারই ধারাবাহিকতায় এ বছর ১৫ টি আবেদন পাওয়া গেছে। এমতাবস্থায় আবেদনগুলো পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা প্রয়োজন । এছাড়া সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতা কার্যক্রম বাস্তবায়ন কমিটির মিটিং করে প্রতিবন্ধী ভাতাভোগী বাছাই করা প্রয়োজন। এই অর্থবছরে শুধুমাত্র তিব্র ও মাঝারী ধরনের প্রতিবন্ধী আবেদনকারীর বরাদ্দ পাওয়া গিয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়া প্রাথমিক বিদ্যালয়ে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের পর ছাত্রদের কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয়নি।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ সভায় জানান যে কোন স্কুল যাতে টিকা থেকে বাদ না পড়ে এ ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখতে বলেন এবং অগ্রাধিকার ভিত্তিতে বড়মা কাকচর স্কুলটির ২য় তলার অনুমোদন দেওয়ার জন্য তিনি সভার মাধ্যমে প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে ধন্যবাদ জানান | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৮<br><br><br>০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পরীক্ষার দায়িত্বে পরীক্ষা কেন্দ্রে থাকার কোন আলোচনা করা সম্ভব হয়নি।<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পরীক্ষার দায়িত্বে পরীক্ষা কেন্দ্রে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | -<br><br><br>- | -<br><br><br>- |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, TR/FFW টাকা /চাল/ গম এর (নির্বাচনী এলাকার) কাজ মাঠে চলমান রয়েছে। মাঠে ধান থাকার রাস্তার মাটি কাটার কাজ সম্পূর্ণ ভাবে শুরু করা যাচ্ছে না। ধান কাটা হয়ে গেলে দ্রুত কাজ সমাপ্ত করার জন্য ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ করা হলো। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর এর ১ম পর্যায়ের কাজ শুরু করার জন্য সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। আগামী ২৬/১১/২০২২খ্রিঃ তারিখ থেকে একযোগে ১২টি ইউনিয়নে কাজ শুরু হবে। ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট ট্যাগ অফিসারদেরকে কাজ শুরু হলে তদারকির জন্য অনুরোধ করা হলো।<br><br>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ত্রিশাল উপজেলার বিভিন্ন ইউনিয়নে ০৫টি স্কীমের কাজ চলমান রয়েছে। কাজের সঠিক তদারকি হচ্ছে।<br><br>০৩টি ইউনিয়নের ০৫টি স্পটে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ন প্রকল্পের অধীন ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুর্নবাসনের নিমিত্তে ৩৩টি ঘরের কাজ চলমান রয়েছে। কাজের গুনগতমান ঠিক রেখে কাজ এগিয়ে যাচ্ছে। সংশ্লিষ্ট সকল সদস্যকে কাজ তদারকির জন্য অনুরোধ করা হলো। এছাড়া বিভাগের অন্যান্য কাজ যথারীতি চলমান রয়েছে। | মুজিববর্ষের ৩৩ টি ঘরের কাজ সুন্দরভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি আবেদনের সময় সীমা ২৫ শে নভেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে। সদর কার্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক নভেম্বর/ ২০২২ মাসে ভিডব্লিউবি এর ডিও ছাড়পত্র দেওয়া হয়েছে। বিতরনকালে তদারকি কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ<br>উপজেলা সমবায় কর্মকর্তা পরীক্ষার দায়িত্বে পরীক্ষা কেন্দ্রে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই।<br><br>চেয়ারম্যান বালিপাড়া ইউনিয়ন পরিষদ ও চেয়ারম্যান, কানিহারী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তাদের ইউনিয়নের বিভিন্ন স্থানে কিছু সংখ্যক গাছ ঝুকিপূর্ন ভাবে ভেঙ্গে হেলে আছে। যে কোন সময় বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে।<br><br>এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উপজেলা বন কর্মকর্তাকে গাছগুলো কোন বিভাগের তা নির্ধারণ করে বিধি মোতাবেক কর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলেন। এছাড়া তিনি বন কর্মকর্তাকে করাত কলের মোট তালিকা দিতে বলেন। | আলোচনান্তে ঝুকিপূর্ণ গাছগুলো কোন বিভাগের তা নির্ধারণ করে বিধি মোতাবেক কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এবং করাত কলের মোট তালিকা প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |

<table>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শারিরিক অসুস্থতার কারনে অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি।</td>
<td>-</td>
<td>-</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>ইউজিডিপি ঃ<br>১। ৫ম রাউন্ডের কার্যক্রমের অগ্রগতিঃ<br>সভায় সভাপতির অনুমোতি সাপেক্ষে ইউডিএফ জানান, ৫ম রাউন্ডের ইউজিডিপি প্রকল্পের আওতায় অনুমোদিত ছয়টি প্রশিক্ষন যথাসময়ে সম্পন্ন হয়েছে এবং এর বিল ভাউচার পিএমইউ কে প্রেরণ করা হয়েছে। ৫ম রাইন্ডের অনুমোদিত তিনটি অবকাঠামো উপপ্রকল্পের মধ্যে দুটির কাজ সম্পন্ন ও ঠিকারের চূড়ান্ত বিল যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং একটি উপপ্রকল্প অদ্যকার সভার মাধ্যমে বাতিল হলো। আশা করছি আজকের সভায় একটি নতুন উপপ্রকল্প অনুমোদন করা হবে।<br>উপস্থিত সকলেই অবগত আছেন যে ইউজিডিপি প্রকল্পের ৬ষ্ঠ রাউন্ডের এসেসমেন্ট কার্যক্রম অন লাইনে চলছে। এ বছরই প্রথমবার অনলাইন এসেসমেন্ট হচ্ছে বলে প্রয়োজনীয় সকল তথ্যাদি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সময় প্রদান করা হয়েছে এবং পুরো বছরের নথি একসাথে আপলোড করলেও তা গ্রহনযোগ্য হচ্ছে, এবিষয়ে সংশ্লিষ্টদের প্রশিক্ষণ ও দেয়া হয়েছে। কিন্তু পরবর্তী এসেসমেন্ট এ এ সুযোগ থাকছে না । তাই চলমান অর্থাৎ ২০২২-'২৩ অর্থ বছরের প্রয়োজনীয় নথিসমূহ সংশ্লিষ্ট যথাসময়েই ওয়েব পেজ এ আপলোড হওয়া দরকার।<br><br>২। ইউজিডিপি প্রকল্পের ২০২০-২১ অর্থ-বছরে (৫ম রাউন্ড) বাস্তবায়নের জন্য অবকাঠামো উন্নয়ন<br>উপ প্রকল্প অনুমেদন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ<br>চেয়ারপারসনের অনুমতি ক্রমে প্রকল্প বাছাই কমিটির সদস্য সচিব উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থ-বছরে ইউজিডিপি প্রকল্পের অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্পের অনুমোদিত একটি উপপ্রকল্প ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে কাজ করতে পারায় অদ্যকার সভাতেই মেসার্স আলম এন্টারপ্রাইজের সাথে নিম্নলিখিত কাজের চুক্তি বাতিলের সিদ্ধান্ত অনুমোদিত হয়েছে।<br><br>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>উপ-প্রকল্পের নামঃ</th><th>উপ-প্রকল্প নং</th><th>মোট প্রাক্কলন (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত)</th><th>মোট আইটি</th><th>মোট ভ্যাট</th><th></th></tr>
<tr><td>২</td><td>ত্রিশাল উপজেলার জন্য কৃষি যন্ত্রপাতি ( পাওয়ার টিলার) সরবরাহ ।</td><td>INF-2020-21. 456194 (02)</td><td>২৩,০১,৭৩০.০০</td><td>১১১৫৩/-</td><td>১,৯২,৮৮৩/-</td><td>২</td></tr>
</table>
এমতাবস্থায় বাতিলকৃত কাজ হতে উপজেলার হাতে অনুমোদিত ভ্যাট আইটি ব্যতীত মোট ২৩,০১,৭৩০/-(তেইশ লক্ষ এক হাজার সাতশত ত্রিশ) টাকা থাকে যা দ্বারা অতিক্রান্ত সময়ের মধ্যে প্রকল্প প্রস্তাব পাঠিয়ে পুনরায় অনুমোদন পেলে তা আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করে চূড়ান্ত বিলের জন্য ঢাকায় ইউজিডিপি প্রধান কার্যালয়ে পৌঁছাতে হবে। তাই এই বরাদ্দ দ্বারা বাস্তবায়নের জন্য আমাদের নিকট স্থায়ী কমিটির প্রেরিত প্রকল্প প্রস্তাব সমূহ হতে বাছাই কমিটি অগ্রাধিকার ভিত্তিতে নিম্ন লিখিত প্রকল্প প্রস্তাব ও বাছাইকৃত শিক্ষাপ্রতিষ্ঠানের নামের তালিকাটি অনুমোদনের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করছে।</td>
<td>১। ১৭ টি স্থায়ী কমিটির কার্যবিবরণী, উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী, বাজেট, বার্ষিক আর্থিক বিবরণী, বার্ষিক উন্নয়ন পরিকল্পনাসহ সংশ্লিষ্ট সকল তথ্য ওয়েব পোর্টালে যথাসময়ে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। প্রস্তাবমতে ইউজিডিপি প্রকল্পের ২০২০-২১ অর্থবছরে (৫ম রাউন্ড) বাস্তবায়নের জন্য প্রস্তাবকৃত প্রকল্প প্রস্তাবটি যথাযথ ভাবে প্রস্তুত করে অনুমোদনের জন্য ইউজিডিপি প্রধান কার্যালয়, ঢাকাতে প্রেরণের জন্য অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহিত হলো।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার ,<br>ত্রিশাল, ময়মনসিংহ।<br><br>উপজেলা প্রকৌশলী,<br>ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>ইউ ডি এফ<br>ত্রিশাল, ময়মনসিংহ।</td>
</tr>
</table>

উপ প্রকল্পের শিরোনামঃ "ডিজিটাল স্মার্ট স্কুল নেটওয়ার্ক তৈরীর জন্য মাধ্যমিক বিদ্যালয় সমূহে স্মার্ট টিভি সরবরাহ করন"

শিক্ষাপ্রতিষ্ঠানের নামের তালিকাঃ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | স্মার্ট টিভির সংখ্যা | কর্ম এলাকা |
|---|---|---|---|
| ১. | ধানীখোলা ওসমানীয়া বহুমুখী উচ্চ বিদ্যালয় | ০১ টি | ১ নং ধানীখোলা |
| ২. | ধানীখোলা উচ্চ বিদ্যালয় | ০১ টি | ১ নং ধানীখোলা |
| ৩. | বইলর মঠবাড়ী দারুল হুদা বালিকা দাখিল মাদ্রাসা | ০১ টি | ২নং বইলর |
| ৪. | কালীর বাজার উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | ০১ টি | ৩নং কাঁঠাল |
| ৫. | হালিমা উচ্চ বিদ্যালয় | ০১ টি | ৩নং কাঁঠাল |
| ৬. | আহাম্মদাবাদ উচ্চ বিদ্যালয় | ০১ টি | ৪নং কানিহারী |
| ৭. | বড়মা কাকচর ফাজিল মাদ্রাসা | ০১ টি | ৪নং কানিহারী |
| ৮. | বড়মা উচ্চ বিদ্যালয় | ০১ টি | ৫নং রামপুর |
| ৯. | রামপুর উচ্চ বিদ্যালয় | ০১ টি | ৫নং রামপুর |
| ১০. | শহীদ সবুর উচ্চ বিদ্যালয় | ০১ টি | ৬নং ত্রিশাল |
| ১১ | বাগান ইসলামিয়া উচ্চ বিদ্যালয়, | ০১ টি | ৬নং ত্রিশাল |
| ১২ | মোহাম্মদপুর উচ্চ বিদ্যালয়, | ০১ টি | ৭নং হরিরামপুর |
| ১৩ | রায়ের গ্রাম গোপালপুর উচ্চ বিদ্যালয় | ০১ টি | ৭নং হরিরামপুর |
| ১৪ | বিয়ারা পাটুলী রহমত উল্লাহ উচ্চ বিদ্যালয় | ০১ টি | ৯নং বালিপাড়া |
| ১৫ | বিয়ারা জয়মনি উচ্চ বিদ্যালয় | ০১ টি | ৯নং বালিপাড়া |
| ১৬ | পোড়াবাড়ী উচ্চ বিদ্যালয় | ০১ টি | ১০নং মঠবাড়ী |
| ১৭ | মঠবাড়ী ইউনিয়ন হাই স্কুল এন্ড কলেজ | ০১ টি | ১০নং মঠবাড়ী |
| ১৮ | মোক্ষপুর বহুমুখী উচ্চ বিদ্যালয় | ০১ টি | ১১নং মোক্ষপুর |
| ১৯ | খাগাটি জামতলী ফাজিল মাদ্রাসা | ০১ টি | ১১নং মোক্ষপুর |
| ২০ | আমিরাবাড়ী গুজিয়াম মাধ্যমিক বিদ্যালয় | ০১ টি | ১২নংআমিরাবাড়ী |
| ২১ | গুজিয়াম আমিরাবাড়ী উচ্চ বিদ্যালয় | ০১ টি | ১২নংআমিরাবাড়ী |
| ২২ | ত্রিশাল নজরুল বালিকা উচ্চ বিদ্যালয় | ০১ টি | ত্রিশাল, ময়মনসিংহ |
| | মোটঃ | ২২ | ((বাইশ) টি। |

সকল শর্ত বিবেচনায় রেখে উপজেলা প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নের প্রকল্প প্রস্তাব টি ইউজিডিপির প্রধান কার্যালয়ে পাঠানোর বিষয়ে অদ্যকার সভায় অনুমোদনের লক্ষে উপস্থাপন করছি।

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭. ০৬.০০২.২০২২ তারিখঃ ১১/০৮/২০২২ খ্রিঃ এর সিদ্ধান্ত ও উপজেলা নির্বাহী অফিসের স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫. ০০১.২২-১০৪৫ তারিখ ঃ ০৪/১০/২০২২ খ্রিঃ মূলে প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ২৭/১০/২০২২ খ্রিঃ তারিখের বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে জনাব মোঃ মজিবুর রহমান, পিতার নাম ঃ মৃত হাসেম আলী, মাতাঃ মোছাঃ ওসিমন নেছা , গ্রাম- বাগান, ডাকঘর- বাগান, উপজেলা-ত্রিশাল, জেলা-ময়মনসিংহকে ত্রিশাল

আলোচনান্তে জনাব মোঃ মজিবুর রহমান, পিতার নাম ঃ মৃত হাসেম আলী, মাতাঃ মোছাঃ ওসিমন নেছা , গ্রাম- বাগান, ডাকঘর- বাগান, উপজেলা-ত্রিশাল, জেলা- ময়মনসিংহকে ত্রিশাল উপজেলা পরিষদের এম্বুলেন্স চালক পদে অস্থায়ী ভাবে নিয়োগ অনুমোদন করা হলো এবং এম্বুলেন্স পরিচালনা ও রক্ষনাবেক্ষন

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিষদের এম্বুলেন্স চালক পদে অস্থায়ী ভাবে নিয়োগ দেওয়া হয়েছে যা চুড়ান্ত অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হলো, পাশাপাশি এম্বুলেন্সটি সুন্দরভাবে পরিচালনার জন্য বিধিমালা প্রনয়নের জন্য উপস্থিত সবার মতামত চাওয়া হলো। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিধিমালা প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৮ | বিবিধ ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-০২ প্রকল্পের আওতায় ত্রিশাল উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত ঘোষনা করার লক্ষ্যে গত ১৩/০৪/২০২২ খ্রি. তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক একটি যৌথ সভা করা হয়। যৌথ সভার সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক ত্রিশাল উপজেলায় আরও কোন ভূমিহীন, গৃহহীন পরিবার অবশিষ্ট আছে কিনা তা সংশ্লিষ্ট মেয়র ও ইউপি চেয়ারম্যানগণ সরেজমিনে যাচাইপূর্বক তালিকা প্রেরণ করেন। সে লক্ষে ১২টি ইউনিয়ন ও একটি পৌরসভার প্রাপ্ত তালিকা সংশ্লিষ্ট মেয়র, ইউপি চেয়ারম্যান, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল কর্তৃক যাচাই বাছাই পূর্বক মোট ৩৩টি ভূমিহীন ও গৃহহীন পরিবার পাওয়া যায়। যা গত ১৯/০৪/২০২২ খ্রি. তারিখ চুড়ান্ত যৌথ সভায় অনুমোদন করা হয়। এতে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র ও ইউপি চেয়ারম্যানগণ প্রত্যয়ন করেন যে এই ৩৩ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুনর্বাসন করা হলে অত্র উপজেলা ভূমিহীন ও গৃহহীন মুক্ত হবে। এছাড়া চুড়ান্ত যৌথ সভায় উপস্থিত সকল সদস্যগণ একমত পোষণ করেন। বর্তমানে ৪টি ইউনিয়নের ৫টি স্পটে ৩৩টি গৃহ নির্মাণ কাজ চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার এর নেতৃত্বে প্রকল্প বাস্তবায়ন কমিটির সকল সদস্য নিয়মিত নির্মাণ কাজ তদারকি করছেন। কাজের মান সন্তোষজনক মর্মে সকল সদস্য একমত পোষণ করেন। | মুজিববর্ষের ৩৩টি ঘরের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলে তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রকল্প বাস্তবায়ন কমিটি।<br>২। সংশ্লিষ্ট সকল। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২২-

তারিখ : ১৭/১১/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ---------------------------------- অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান --------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।